



বর্ধমান মিউনিসিপ্যাল হাই স্কুল

বিজ্ঞপ্তি তারিখ-২-১২-২০২১

পঞ্চম শ্রেণীতে ভর্তির নিয়মাবলী- (১)

বর্ধমান মিউনিসিপ্যাল হাইস্কুলে পঞ্চম শ্রেণীতে ভর্তির জন্য ফর্ম দেওয়া ও জমা নেওয়া হবে আগামী ৩-১২-২০২১ থেকে ১১-১২-২০২১ তারিখ বেলা ১১ টা থেকে ১টা পর্যন্ত।

(১) পঞ্চম শ্রেণীতে ভর্তির ক্ষেত্রে ছাত্র ও তার অভিভাবককে বর্ধমান পুরসভার বে কোন ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে।

(২) পঞ্চম শ্রেণীতে ভর্তির জন্য অভিভাবক বাংলা বা ইংরাজী মাধ্যমের ফর্ম তুলতে পারেন। ইংরাজী মাধ্যমে ছাত্রকে ভর্তি করার পর কোন অবস্থাতেই বাংলা মাধ্যমে TRANSFER করা যাবে না।

(৩) বর্ধমান পুরসভার বে কোনো ওয়ার্ডে বসবাসকারী অভিভাবক বে ওই নির্দিষ্ট ঠিকানার স্থায়ী বাসিন্দা তার জন্য নিম্নের ঠিকানা সম্বলিত বে কোনো একটি প্রমানপত্র তিনি দাখিল করতে পারেন।

- (১) ভোটার কার্ড
 - (২) আধার কার্ড
 - (৩) প্যান কার্ড
 - (৪) রেশন কার্ড
 - (৫) গ্যাসের বই
 - (৬) বাড়ির দলিল বা পরচা
 - (৭) খাজনা বা পৌরসভার ট্যাঙ্কের রসিদ
 - (৮) পোস্ট অফিসের পাস বই
 - (৯) ব্যাঙ্কের পাস বই
 - (১০) টেলিফোনের বিল
- (এই প্রতিটি ক্ষেত্রেই ওই ঠিকানায় বসবাসকারী অভিভাবকের নাম থাকতে হবে)

(২)

- (৪) পঞ্চম শ্রেণীতে ভর্তির ক্ষেত্রে ছাত্রের বয়স সরকারী নিয়মানুসারে হতে হবে।
জন্মের শংসাপত্রের আসল(**ORIGINAL**) ফর্ম সংগ্রহের সময় দেখাতে হবো। জন্ম
তারিখ হতে হবে ০২-০১-২০১১ থেকে ০১-০১-২০১২-এর মধ্যে।
- (৫) তপশীল জাতি,উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণী ও প্রতিবন্ধী ছাত্রদের
জন্য ফর্ম সংগ্রহের সময় তপশীল জাতি,উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণী ও
প্রতিবন্ধী ছাত্রদের সরকারী শংসাপত্র দেখাতে হবে(**ORIGINAL**)।
- (৬) চতুর্থ শ্রেণী থেকে পঞ্চম শ্রেণীতে ছাত্রকে উত্তীর্ণ হতে হবে।
- (৭) পঞ্চম শ্রেণীতে ভর্তি হতে চায় এরকম যে কোন ছাত্রের জন্য একাধিক ফর্ম
তোলা যাবেনা (যে কোন **CATEGORY**-এর ক্ষেত্রে)।
- (৮) পঞ্চম শ্রেণীতে ভর্তি হতে চায় এরকম যে কোন ছাত্রের জন্য বাংলা মাধ্যম
ও ইংরাজী মাধ্যম-এর দুটি ফর্ম তোলা যাবে না। অভিভাবক যে কোন একটি
মাধ্যমের জন্য ফর্ম তুলতে পারবেন। যদি দেখা যায় কোন অভিভাবক দুটি মাধ্যমের
জন্য ফর্ম তুলেছেন তাহলে দুটি ফর্মই বাতিল হয়ে যাবে।
- (৯) পঞ্চম শ্রেণীর ক্ষেত্রে সংরক্ষিত বা অসংরক্ষিত আসনের জন্য আসন সংখ্যার
থেকে ন্যূনতম একটি ফর্ম বেশি জমা পড়লেই লটারী হবে, যদি আসন সংখ্যার
সমসংখ্যক বা তার চেয়ে কম ফর্ম জমা পড়ে তাহলে ফর্ম পূরণকারী সেই সকল
ছাত্রকে সরাসরি ভর্তি করে নেওয়া হবে।
- (১০) সরকারী নির্দেশমতো আসন সংরক্ষন করা হবে। আসন সংরক্ষনের বিষয়ে
বিদ্যালয়ের নোটিশ বোর্ডে সরকারী নির্দেশাবলীকে বিজ্ঞাপিত করা হয়েছে। সকল
অভিভাবক ও অভিভাবিকাকে ওই নির্দেশাবলী দেখে নিতে অনুরোধ জানানো
হচ্ছে।

ফর্ম সংগ্রহের জন্য যা লাগবে-

- (১) জন্মের শংসাপত্র (**ORIGINAL**)।
- (২) স্থায়ী বাসিন্দার প্রমানপত্র (**ORIGINAL**)।

(৩)

(৩) তপশীল জাতি,উপজাতি, অন্যান্য অনগ্রসর শ্রেণীর এবং শারীরিক প্রতিবন্ধী
শংসাপত্র (ছাত্রের) (ORIGINAL)।

ফর্ম জমা দেওয়ার সময় ফর্মের সঙ্গে যা জমা দিতে হবে-

(১) জন্মের শংসাপত্রের প্রত্যয়িত নকল (BIRTH CERTIFICATE- এর
PHOTO COPY)।

(২) স্থায়ী বাসিন্দার প্রমানপত্রের প্রত্যয়িত নকল (PHOTO COPY)।

(৩) তপশীল জাতি,উপজাতি, অন্যান্য অনগ্রসর শ্রেণী ও শারীরিক প্রতিবন্ধী
ছাত্রদের জন্য ফর্ম জমা দেওয়ার সময় উক্ত শংসাপত্রের প্রত্যয়িত নকল
(PHOTO COPY)।

বিশেষ দ্রষ্টব্য- যথাযথভাবে ফর্ম পূরণ না করলে (ফর্মের
প্রতিটি অংশ) এবং প্রয়োজনীয় তথ্যগুলি অসম্পূর্ণ থাকলে ফর্মটি
বাতিল বলে গন্য হবে এবং বাতিল হয়ে যাওয়া ফর্মের নম্বরগুলি
বিদ্যালয়ের নোটিশ বোর্ডে বিজ্ঞাপিত করা হবে।

পঞ্চম শ্রেণীতে ভর্তির সময় যা দেখাতে হবে-

(১) জন্মের শংসাপত্রের আসল (ORIGINAL)।

(২) স্থায়ী বাসিন্দার প্রমানপত্রের আসল।

(৩) তপশীল জাতি,উপজাতি, অন্যান্য অনগ্রসর শ্রেণী ও শারীরিক
প্রতিবন্ধী ছাত্রদের জন্য ফর্ম জমা দেওয়ার সময় উক্ত শংসাপত্রের
আসল (ORIGINAL COPY) দেখাতে হবে।

(৪) ভর্তির সময় পিতা বা মাতাকে অবশ্যই উপস্থিত হতে হবে।

প্রধান শিক্ষক